৭৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ 13 FEB 1994
পৃষ্ঠা ৪ কলাম ৫

## বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীতে গম বিতরণে অনিয়ম

প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করার লক্ষ্যে বাংলাদেশ সরকার ইতোপূর্বে দেশের সব ক'টি জেলা সদর থানাকে উক্ত কর্মসূচীর আওতায় এনেছে। এই কর্মসূচীকে আরও জোরদার করার নিমিত্তে সরকার ইতোমধ্যে দেশের কয়েকটি থানায় শিক্ষার বিনিময়ে খাদ্য বিতরণ এই কর্মসূচী হাতে নিয়েছে। কিন্তু অনিয়ম লক্ষ্য করা গেছে ব্রাহ্মণবাড়ীয়া জেলার বাঞ্ছারামপুর থানার সোনারামপুর (দক্ষিণ) সরকারী প্রাথমিক বিদ্যালয়ে। উক্ত এলাকার দরিদ্র অভিভাবকদের অভিযোগ যে, ঐ স্কুলের অনেক শিক্ষক কতিপয় স্বার্থান্বেষী মহলকে হাতে নিয়ে সচ্ছল পরিবারের শিশুদের নামে অবাধে গম বিতরণ করে যাচ্ছেন।

এতে প্রকৃত দরিদ্র ও অসহায় শিশুরা গম পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে। এখানে আরও একটি হাস্যকর বিষয় চালু রয়েছে। বিষয়টি হলো কোন শিশু বাম হাত মাথার ওপর দিয়ে এনে ডান কান ধরতে না পারলে গম পাবে না। এসব যুক্তি দেখিয়েও অনেককে গম দেয়া হচ্ছে না। এ বিষয়ে কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

দরিদ্র অভিভাবকদের পক্ষে-

**মোঃ চাঁন মিয়া ও ঈমান আলী**

সোনারামপুর, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়ীয়া